

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের অফিসের শূন্য পদগুলো পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম ও বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	প্রোগ্রামার (অস্থায়ী) টাঃ ৩৫,৫০০- ৬৭,০১০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ (এক) টি	প্রার্থীকে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং ৩/৪ বছর মেয়াদী কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ার/তথ্য প্রযুক্তি বিষয়ে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে বি.এসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৬ (ছয়) বছরের অভিজ্ঞতাসম্পন্ন এবং সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ছয় মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতা (যদি থাকে) সনদপত্রসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
০২	সহকারী প্রোগ্রামার (অস্থায়ী) টাঃ ২২,০০০- ৫৩,০৬০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং ৪ বছর মেয়াদী কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ার/তথ্য প্রযুক্তি বিষয়ে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে বি.এসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ থাকতে হবে। সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ছয় মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতা (যদি থাকে) সনদপত্রসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্ত দরখাস্ত আগামী ২৬-১২-২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাতে হবে।